গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২১- ২৮৮২ তারিখঃ ৩১/০৫/২০২২ খ্রিঃ

বিষয়ঃ ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কার্যক্রম ৩.১ বাস্তবায়নের লক্ষ্যে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম এ "নার্সিং সেবার মান উন্নয়ন" এর লক্ষ্যে পরিদর্শন পরবর্তী প্রতিবেদন প্রেরন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কার্যক্রম ৩.১ বাস্তবায়নে গত ১৭/০৫/২০২২খ্রিঃ তারিখ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম এ "নার্সিং সেবার মান উন্নয়ন"এর লক্ষ্যে পরিদর্শন কার্যক্রমের প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তি: ----------- পাতা।

৩১/৫/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
ও
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
(দৃঃ আঃ যুগ্মসচিব, প্রশাসন -৩ অধিশাখা।)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে -
১। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সিনিয়র সহকারি সচিব (প্রশাসন- ৩ শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সহকারি পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর ( পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫। হাসপাতাল তত্বাবধায়ক , ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল , চট্টগ্রাম। (পরিদর্শন প্রতিবেদনের পর্যবেক্ষণ সমূহ এবং সুপারিশমালা বাস্তবায়নে সহযোগিতার জন্য অনুরোধ করা হল)
৬। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২১- তারিখঃ /০৫/২০২২ খ্রিঃ

বিষয়ঃ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সেবা প্রতিষ্ঠান ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম এ "নার্সিং সেবার মান উন্নয়ন" এর লক্ষ্যে পরিদর্শন কার্যক্রমের প্রতিবেদন।

গত ১৭/০৫/২০২২ খ্রিঃ তারিখ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সেবা প্রতিষ্ঠান ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম এর নার্সিং সেবার মান উন্নয়নের লক্ষ্যে পরিদর্শন করা হয়।

পরিদর্শনের শুরুতে হাসপাতাল তত্ত্বাবধায়ক মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাত করা হয়। তিনি হাসপাতালের সেবা শাখার কতিপয় সমস্যা তুলে ধরেন। তন্মধ্যে রোগী অনুপাতে নার্সিং জনবল খুবই কম বলে উল্লেখ করেন। তিনি বলেন অত্র হাসপাতালের সেবা তত্ত্বাবধায়ক ও উপ- সেবা তত্ত্বাবধায়কের দুটি পদই শূন্য রয়েছে এবং নার্সিং সুপারভাইজারের পদও অপ্রতুল। তিনি নার্সিং জনবলের শূন্য পদসমূহ পূরণের জন্য মহাপরিচালক , নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষণ করেন।

অতঃপর হাসপাতাল তত্ত্বাবধায়ক ও নার্সিং সুপারভাইজারগণসহ পরিদর্শন টিম কর্তৃক হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড সমূহের রোগীদের স্বাস্থ্য সেবা প্রদানকারী সিনিয়র স্টাফ নার্সগণের কার্যক্রম পরিদর্শন করা হয়। প্রতিটি ওয়ার্ডে ঔষধপত্র, চিকিৎসা সরঞ্জামাদি, রোগীদের সাথে নার্সদের পেশাগত সম্পর্ক কেমন তা পর্যবেক্ষণ করা হয় । নার্সগণের ড্রেস চেঞ্জ এর জায়গা খুবই অপ্রতুল । হাত ধোওয়ার জন্য সাবান ও স্যানিটাইজার পর্যাপ্ত ছিল । ওয়ার্ড সমূহ পরিষ্কার পরিচ্ছন্ন ছিল। তবে কিছু বাথরুম অপরিষ্কার ছিল। সরবরাহকৃত ঔষধের তালিকা বোর্ডে দৃশ্যমান ছিল।

**হাসপাতালের শয্যা সংখ্যা, রোগী সংখ্যা ও নার্সিং জনবলের তথ্যাদিঃ-**

| | | |
|---|---|---|
| ১. | মঞ্জুরীকৃত শয্যা সংখ্যাঃ | ২৫০ (দুইশত পঞ্চাশ) টি |
| ২. | মোট ওয়ার্ড | ১৪ (চোদ্দ ) টি,<br>ও পি ডি =৩ (তিন) টি, ইন ডোর =১১ (আগার) টি |
| ৩. | বর্তমানে ভর্তিকৃত মোট রোগীর সংখ্যা | ১১৭ ( একশ সতের) জন |
| ৪. | সেবা তত্ত্বাবধায়ক | মোট পদ - ০১ (এক) টি<br>কর্মরত - ০০ জন শূন্যপদ= ০১ টি |
| ৫. | উপ- সেবা তত্ত্বাবধায়ক | মোট পদ - ০১ (এক) টি<br>কর্মরত - ০০ জন শূন্যপদ= ০১ টি |
| ৬. | নার্সিং সুপারভাইজার | মোট পদ = ২ (দুই) টি<br>কর্মরত - ০১ জন শূন্য পদ – ০১ টি |
| ৭. | সিনিয়র স্টাফ নার্স | মোট পদ-১২৩ (একশত তেইশ) টি<br>কর্মরত - ১১৫ (একশত পনের) জন<br>শূন্য পদ – ০৮ (আট)টি |
| ৮. | স্টাফ নার্স | মোট পদ-২২ (বাইশ) টি<br>কর্মরত - ২০ (বিশ) জন<br>শূন্য পদ – ০২ (দুই)টি |

# চেক লিস্ট

| ক্রমিক নং | চেকলিষ্ট আইটেম | অতি উত্তম (০৪) | উত্তম (০৩) | চলতিমান (০২) | অসন্তোষ জনক (০১) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | হাজিরা নিশ্চিত করণ | √ | | | | |
| ২. | ড্রেস/ ইউনিফর্মের রং এর মান | | √ | | | |
| ৩. | ডিউটি রোস্টার মোতাবেক সঠিক কর্মবন্টন ও শিফট বন্টন নিশ্চিত করণ | √ | | | | |
| ৪. | ওয়ার্ড ইনচার্জ পরিবর্তন নীতিমালা বাস্তবায়ন | √ | | | | |
| ৫. | অগ্রিম কর্মবন্টন ( এ্যাসাইনমেন্ট বুক) হালনাগাদ করণ | √ | | | | |
| ৬. | হাসপাতাল কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ/ মতবিনিময় | √ | | | | |
| ৭. | রোগীর কথা মনোযোগ সহকারে শোনার মান | √ | | | | |
| ৮. | রোগীর সাথে কথা বলার মান | √ | | | | |
| ৯. | রোগীর ও রোগীর আত্মীয়ের সংগে সম্মানজনক যোগাযোগ স্থাপনের মান | √ | | | | |
| ১০. | আন্তঃব্যাক্তিকযোগাযোগঃ- হাসাতালের চিকিৎসক ও অন্যান্য ব্যক্তিবর্গের সাথে | | √ | | | |
| ১১. | পেশাগত দক্ষতা | | √ | | | |
| ১২. | পেশাগত সার্বিক আচরণ | | √ | | | |
| ১৩. | সেবার মান নিশ্চিতকরণে উদ্যোগ | √ | | | | |
| ১৪. | রোগীর সার্বিক সেবা ব্যবস্থাপনা | √ | | | | |
| ১৫. | হাসপাতাল ওয়ার্ডের কাজের চাপ মোকাবেলার উদ্যোগ ও সমাধান কার্যক্রম | | √ | | | |
| ১৬. | স্বাস্থ্য শিক্ষা প্রদান কার্যক্রম | | | √ | | |
| ১৭. | ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ | | | √ | | |
| ১৮. | চেইন অফ কমান্ড সিস্টেম | | √ | | | |
| ১৯. | প্রতি শিফটে রোগির হ্যান্ডওভার সঠিক ভাবে দেয়া ও নেয়া | | √ | | | |
| ২০. | ওয়ার্ড রাউন্ড নিশ্চিত করণ | | √ | | | |

**পর্যবেক্ষণঃ**- ওয়ার্ডসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন ছিল। বিছানা পত্র গোছানো ছিল। ঔষধপত্রে সঠিকভাবে লেভেল করা আছে। ড্রেসিং ট্রলি পরিষ্কার ছিল। ড্রেসিং প্যাক ও গজ ব্যান্ডেজ পর্যাপ্ত ছিল। রেকর্ড পত্র হালনাগাদ করা আছে। ড্রেস কোড অনুযায়ী ড্রেস পরিধান সঠিক ছিল। ওয়ার্ডে রোগীদের জন্য বিভিন্ন ধরনের চার্ট মার্ক করা হয়। নার্সদের জন্য আলাদা ওয়াশরুম আছে। নার্সিং সুপারভাইজার কর্তৃক ওয়ার্ড রাউন্ড দেয়া হয়। রেকর্ড সংরক্ষণে কম্পিউটার ব্যবহার করা হয়। অতিপুরাতন এই হাসপাতাল ভবনের সিড়ি, করিডোর, মেঝের কোথাও কোথাও অপরিচ্ছন্ন ছিল। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়।

**সুপারিশমালাঃ-**

১। সিনিয়র স্টাফ নার্সগণের যথাসময়ে হাসপাতালে উপস্থিতি নিশ্চিতকরণ সহ নিষ্ঠার সাথে রোগীর সেবা প্রদানের বিষয়টি মনিটরিং করা।

২। সকল সমস্যা/ অনিয়ম লিখিতভাবে কর্তৃপক্ষকে জানানো।

৩। সেবার মান উন্নয়নের লক্ষ্যে উদ্ভাবনী ও সৃজনশীল পদ্ধতি প্রয়োগ করা।

৪। রোটেশন প্লান করে রোস্টার মেইনটেন করা।

৫। রোগীর সেবার মান উন্নয়নের লক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক জারীকৃত নির্দেশনাসমূহ বাস্তবায়ন করতে প্রয়োজনীয় সকল উদ্যোগ গ্রহণ করা।

**উপসংহারঃ-**

স্বাস্থ্য সেবার মান বিশ্বমানের পর্যায়ে উন্নীতকরণসহ SDG এর লক্ষ্যমাত্রা পূরণ নিশ্চিতকরণে সরকারি নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের বিকল্প নেই। এ লক্ষ্যে পরিদর্শন কার্যক্রম অব্যাহতর রাখাসহ এ প্রতিবেদনের পর্যবেক্ষণসমূহ ও সুপারিশমালা বাস্তবায়ন করার জন্য সেবা তত্ত্বাবধায়ক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল-কে নির্দেশনা প্রদান করা হল। পর্যবেক্ষণসমূহ ও সুপারিশমালা বাস্তবায়নের লক্ষ্যে সার্বিক সহযোগিতার জন্য পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল মহোদয়কে বিনীত অনুরোধ করা হল।


মোঃ রশিদুল মান্নাফ কবীর
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
ও
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

# নার্সিং সেবার মান উন্নয়নে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল  হাসপাতাল চট্টগ্রাম পরিদর্শন।





# নার্সিং সেবার মান উন্নয়নে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল চট্টগ্রাম পরিদর্শন।





# নার্সিং সেবার মান উন্নয়নে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল  হাসপাতাল চট্টগ্রাম পরিদর্শন।

